বাংলা ১ম পত্র (সৃজনশীল)
বিষয় কোড - 101
সময়-২ ঘণ্টা ৩০ মিনিট
পূর্ণমান-৭০

**দ্রষ্টব্য**: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং নিচের প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক বিভাগ-গদ্য থেকে ন্যূনতম **দুটি**, খ বিভাগ-কবিতা থেকে ন্যূনতম **দুটি**, গ বিভাগ-উপন্যাস ও ঘ বিভাগ-নাটক থেকে ন্যূনতম একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।

## ক বিভাগ-গদ্য

১। 'মহেশ' গল্পে গফুরের প্রিয় গরুটির নাম মহেশ। দরিদ্র গফুর নিরীহ পশুটিকে ঠিকমতো খাবারের যোগান দিতে পারেনা। ফসল নষ্ট করার কারণে তাকে জমিদারের শাস্তিও পেতে হয়েছে। একদিন তৃষ্ণার্ত মহেশ পানির জন্য গফুরের মেয়ে আমিনার মাটির পাত্র ভেঙে ফেলে। রাগান্বিত গফুর লাঙলের ফলা দিয়ে মাথায় আঘাত করলে মহেশ মারা যায়। গো-হত্যার প্রায়শ্চিত করতে গফুর রাতের আঁধারে মেয়েকে নিয়ে পালিয়ে যেতে বাধ্য হয়।
(ক) ঢাকা বিশ্ববিদ্যালয় কতো সালে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে সম্মানসূচক ডিলিট ডিগ্রি প্রদান করে?
(খ) "আমার মাথার দিব্যি রইল, এসব তুমি আর কখনো করো না।" ব্যাখ্যা কর।
(গ) গফুরের জীবনবাস্তবতার সাথে 'বিলাসী' গল্পের কোন দিকটি সাদৃশ্যপূর্ণ? আলোচনা কর।
(ঘ) "উদ্দীপকের 'গো-হত্যা' এবং বিলাসী গল্পের 'অন্নপাপ' একই সূত্রে গাঁথা---বিশ্লেষণ কর।

২। নিজেকে জানা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। সক্রেটিস বলেছেন, 'নিজেকে জানো'। একথা সকলেই জানে যে, আত্মোপলব্ধির মধ্য দিয়ে নির্মিত হয় ব্যক্তিত্ববোধ। আর প্রবল ইচ্ছাশক্তিই পরাধীনতার জাল থেকে বের করে নিজেকে প্রতিষ্ঠিত করতে সাহায্য করে। সুতরাং ইচ্ছাশক্তি ও সত্যপথকে ধারণ করে স্বাধীনতভাবে বেঁচে থাকার জন্য নিজেকে প্রস্তুত করতে হবে।
(ক) 'আমার পথ' প্রবন্ধটি কোন প্রবন্ধগ্রন্থ থেকে নেয়া হয়েছে?
(খ) 'আমার পথ' প্রবন্ধে প্রাবন্ধিক ভুল করতে রাজি আছেন কেন? বুঝিয়ে দাও।
(গ) উদ্দীপকের সাথে 'আমার পথ' প্রবন্ধের কোন দিকটির সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর।
(ঘ) 'নিজেকে জানো'-এ কথাটি 'আমার পথ' প্রবন্ধের মূল বিষয়বস্তুকে নির্দেশ করে কিনা তা বিশ্লেষণ কর।

৩। এইখানে তোর বুজির কবর পরীর মতন মেয়ে,
বিয়ে দিয়েছিনু কাজিদের বাড়ি বনিয়াদি ঘর পেয়ে।
এত আদরের বুজিরে তাহারা ভালোবাসিত না মোটে,
হাতেতে যদিও না মারিত তারে শত যে মারিত ঠোঁটে।
(ক) "ছেলের মুখ দেখে পাষাণ নরম হয়" ---এখানে কার ছেলের কথা বলা হয়েছে?
(খ) "বুড়ো রহমান ছলছল চোখে তাকায় আহ্লাদির দিকে" ---কেন? বুঝিয়ে দাও।
(গ) উদ্দীপকে বুজির উপর নির্যাতনের সঙ্গে 'মাসিপিসি' গল্পের আহ্লাদির উপর নির্যাতনের তুলনা কর।
(ঘ) "নারীর প্রতি পুরুষের অমানবিক আচরণের প্রামাণ্য দলিল উদ্দীপক ও 'মাসি-পিসি' গল্পের নারীদের উপর নির্যাতন" -----মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন কর।

৪। মুক্তিযুদ্ধ চলাকালে ভবানীপুর গ্রামের ফকির বাড়ি থেকে মিলিটারিরা দশম শ্রেণির ছাত্র মনিরকে তুলে নিয়ে যায়। শারীরিক নির্যাতন চালিয়ে তারা মনিরের মুক্তিযোদ্ধা পিতার সন্ধান চায়। ক্ষত-বিক্ষত হয়েও মনির নীরব থাকে। মনে পড়ে বাবার শেষ উপদেশ, "জীবনের চেয়ে দেশ অনেক বড়"। নিজেকে একজন মুক্তিযোদ্ধার সন্তান মনে করায় তার বুক ফুলে উঠে।
(ক) নুরুল হুদা কোন বিষয়ের শিক্ষক ছিলেন।
(খ) "এগুলো হলো পাকিস্তানের শরীরের কাঁটা।" ---বুঝিয়ে লেখ।
(গ) উদ্দীপকের ছাত্র মনির 'রেইনকোট' গল্পের কোন চরিত্রের সঙ্গে তুলনীয়। আলোচনা কর।
(ঘ) "উদ্দীপকে 'রেইনকোট' গল্পের মূলভাব প্রতিফলিত হয়েছে।"---তোমার মতের পক্ষে যুক্তি দাও।

prashnobd.com

## খ বিভাগ কবিতা

৫। এই পৃথিবী যেমন আছে তেমনই ঠিক রবে,
সুন্দর এ পৃথিবী ছেড়ে একদিন চলে যেতে হবে।
তোমার টাকা কড়ি সুন্দর বাড়ি সবই পড়ে রবে,
তোমার কর্মসাধন সৃজন পূজন তোমায় স্মরণ নেবে
তুমি আর থাকবে না এই জনাকীর্ণ ভবে।

(ক) 'সোনার তরী' কবিতাটি কোন ছন্দে রচিত?
(খ) "চারদিকে বাঁকা জল করিছে খেলা।"---ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকে 'সোনার তরী' কবিতার কোন ভাবের প্রকাশ ঘটেছে? আলোচনা কর।
(ঘ) "ঠাঁই নাই, ঠাঁই নাই ছোট সে তরী"---'সোনার তরী' কবিতার উক্ত চরণ ও উদ্দীপকের ভাবসত্য অভিন্ন। বিশ্লেষণ কর।

৬। আপনারে লয়ে বিব্রত রহিতে
আসে নাই কেউ অবনী পরে
সকলের তরে সকলে আমরা
প্রত্যেকে মোরা পরের তরে।

(ক) 'প্রতিদান' কবিতায় কবি 'বিষে-ভরা বানে'র প্রতিদানে কী দেন?
(খ) 'প্রতিদান' কবিতায় কবির পথে পথে ঘুরে বেড়ানোর কারণ ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের সঙ্গে 'প্রতিদান' কবিতার সাদৃশ্য নির্ণয় কর।
(ঘ) উদ্দীপকটি 'প্রতিদান' কবিতার মূলভাব কতটুকু ধারণ করে? তোমার মতামত দাও।

৭। মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি
মোরা একটি মুখের হাসির জন্য অস্ত্র ধরি
মোরা নতুন একটি কবিতা লিখতে যুদ্ধ করি
মোরা নতুন একটি গানের জন্য যুদ্ধ করি।
মোরা একখানা ভালো ছবির জন্য যুদ্ধ করি
মোরা সারা বিশ্বের শান্তি বাঁচাতে আজকে লড়ি।

(ক) 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় 'কর্ষিত জমির প্রতিটি শস্যদানা' কী?
(খ) 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কবি তাঁর পূর্বপুরুষ সম্পর্কে কী বলেছেন?
(গ) উদ্দীপকে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে? আলোচনা কর।
(ঘ) "একটি উজ্জ্বল জানালার কথা বলছি"---উক্ত চরণ ও উদ্দীপক একটি বিশেষ চেতনাকে নির্দেশ করে ---বিশ্লেষণ কর।

## গ বিভাগ-নাটক

৮। সুলতান ইলতুৎমিশ তাঁর কন্যা রিজিয়াকে প্রাণাধিক ভালোবাসতেন। পুত্র বর্তমান থাকা সত্ত্বেও তিনি সুলতানা রিজিয়াকে সিংহাসনে অধিষ্ঠিত করেন। এতে রিজিয়ার ভাইয়েরা ক্ষিপ্ত হয়ে ওঠে এবং বহিরাগত শত্রুর সাথে হাত মিলিয়ে স্বামীসহ রিজিয়াকে হত্যা করে।

(ক) নবাব সিরাজউদ্দৌলাকে বন্দি করে কোথায় রাখা হয়?
(খ) "আমার সারা অস্তিত্ব জুড়ে কেবল যেন দেয়ালের ভিড়।" ---উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের ইলতুৎমিশের ছেলেদের সাথে সিরাজউদ্দৌলা নাটকের কোন চরিত্রের মিল রয়েছে? আলোচনা কর।
(ঘ) "উদ্দীপকের রিজিয়া এবং নাটকের সিরাজের পরিণতি একই” ---আলোচনা কর।

৯। ক্ষমতা ও স্বার্থের দ্বন্দ্বে এই পৃথিবীতে বহু নৃশংস হত্যাকান্ড সংঘটিত হয়েছে। আব্রাহাম লিংকন, মহাত্মা গান্ধী, বঙ্গবন্ধু, ইন্দিরা গান্ধী ---এরকম বহু নাম ইতিহাসের পাতায় করুণ অধ্যায় সৃষ্টি করেছে। এইসব মহান নেতার নিকটতম ব্যক্তিবর্গই এই হত্যাকান্ডের সাথে জড়িত ছিল। কখনো বিদেশি চক্রান্ত, কখনো দেশি ষড়যন্ত্রের শিকার হয়ে এই বরেণ্য ব্যক্তিদেরকে প্রাণ দিতে হয়েছে।

(ক) সিরাজউদ্দৌলার মায়ের নাম কী?
(খ) "ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা।" ---ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের বক্তব্যের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের সাদৃশ্য আলোচনা কর।
(ঘ) উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে ক্ষমতা ও স্বার্থের দ্বন্দ্বের স্বরূপ বিশ্লেষণ কর।

nioshbd.com

## ঘ বিভাগ-উপন্যাস

১০। 'হুযুর কেবলা' গল্পে এমদাদ নামক শিক্ষিত যুবক অনেকটা কৌতূহলের বশে ভন্ডপীরের মুরিদ হয়। কিন্তু যখনই ভণ্ডপীরের চালাকি ও তার লোলুপ কামনা এমদাদের সামনে উন্মোচিত হয়েছে, তখনই সে প্রতিবাদ করেছে। কিন্তু ভণ্ডপীর হুযুর কেবলা তার ধর্মান্ধ মুরিদদের সহায়তায় এমদাদকে পাগল আখ্যা দিয়ে গ্রাম থেকে বের করে দিয়েছে। আর নিজে মুরিদের সুন্দরী স্ত্রীকে কৌশলে তালাক দিতে বাধ্য করেছে এবং নিজের বাসনা পূরণ করেছে।

(ক) 'লালসালু' উপন্যাসে অশীতিপর বৃদ্ধ কে?

(খ) "শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি"- এখানে কী বুঝানো হয়েছে?"

(গ) উদ্দীপকের এমদাদের সাথে 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? আলোচনা কর।

(ঘ) উদ্দীপকের হুযুর কেবলা আর 'লালসালু' উপন্যাসের মজিদ একই বৈশিষ্ট্যের অধিকারী" ---উক্তিটি বিশ্লেষণ কর।

১১। ধর্মব্যবসায়ীরা আধ্যাত্মিক শক্তির অধিকারী হিসেবে নিজেদেরকে জাহির করে এবং সাধারণ মানুষের উপর প্রভাব বিস্তার করে। ফলে সমাজের প্রভাবশালী ব্যক্তিবর্গও তাদের অধীন হয়ে যায়। শোষণের সুবিধার্থে তারা ধর্মব্যবসায়ীদের সঙ্গে জোটবদ্ধ হয়।

(ক) মজিদ কোন পিরের নামে মাজার প্রতিষ্ঠা করে

(খ) "ধান দিয়া কী হইব, মানুষের জান যদি না থাকে?"-ব্যাখ্যা কর।

(গ) উদ্দীপকের প্রভাবশালী ব্যক্তিবর্গ 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের কথা স্মরণ করিয়ে দেয়? আলোচনা কর।

(ঘ) "ধর্মান্ধতাকে কাজে লাগিয়ে প্রভাবশালীরা স্বার্থ হাসিল করে" এ উক্তির আলোকে উদ্দীপক ও 'লালসালু' উপন্যাসের ভাবগত সাদৃশ্য বিশ্লেষন কর।

prosnobd.com

বাংলা ১ম পত্র (বহুনির্বাচনী)
বিষয় কোড - 101
সময় - ৩০ মিনিট
পূর্ণমান – ৩০

১। 'আঠারো বছর বয়স' কবিতায় কোন কালের বৈশিষ্ট্য তুলে ধরা হয়েছে?
(ক) শৈশব (খ) কৈশোর (গ) যৌবন (ঘ) বয়ঃসন্ধিকাল

২। 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কোন শব্দবন্ধ মুক্তির প্রতীক হয়ে উপস্থাপিত হয়েছে?
(ক) কিংবদন্তি (খ) সংস্কৃতি (গ) কবিতা (ঘ) পূর্বপুরুষ

৩। 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় সূর্যকে হৃদপিণ্ডে ধরে রাখার মাধ্যমে কোন চেতনা প্রকাশ পায়?
(ক) সদা তারুণ্যের চেতনা (খ) স্বাধীনতার চেতনা
(গ) প্রতিশোধ নেওয়ার চেতনা (ঘ) আত্মরক্ষার চেতনা

৪। 'সিরাজউদ্দৌলা' নাটকে নবাবের পদাতিক বাহিনী কোন দিক দিয়ে দুর্গ আক্রমণ করেন?
(ক) শিয়ালদহের মারাঠা খাল পেরিয়ে
(খ) দমদমের সরু রাস্তা দিয়ে
(গ) দুর্গের পেছনের মাঠ দিয়ে
(ঘ) দুর্গের সামনের নদী পেরিয়ে

৫। "নবাব মসনদের পাশে দাঁড়িয়ে আছেন। ইনি কি নবাব না ফকির।"--এ কথার মধ্য দিয়ে মিরজাফর চরিত্রের কোন বৈশিষ্ট্য প্রকাশিত হয়েছে?
(ক) নিরীহ (খ) কুশলী
(গ) কৃতজ্ঞতাবোধ (ঘ) চাটুকারিতা

৬। "আমরা এক বাক্যে আপনাকেই নেতৃত্ব দিলাম।"- 'সিরাজউদ্দৌলা' নাটকে উক্তিটি কার?
(ক) রাজবল্লভ (খ) উমিচাঁদ
(গ) জগৎশেঠ (ঘ) কৃষ্ণবল্লভ

৭। 'লালসালু' উপন্যাসে 'পরগাছা' মুরব্বি কে?
(ক) খালেক, ব্যাপারী (খ) সলেমনের বাপ
(গ) ধলা মিয়া (ঘ) মোদাব্বের মিয়া

**নিচের উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও:**
স্বামী মরে যাওয়ায়, বৃদ্ধ বাবার টানাপোড়েনের সংসারে মিনারাকে দুই সন্তান নিয়ে থাকতে হয়। কখনো কখনো আশেপাশের বাড়িতে ঝিএর কাজ করে সে। এছাড়া, কাঁথা সেলাই করে, হোগলা বুনে সামান্য কিছু উপার্জন করেন মিনারা।

৮। উদ্দীপকের মিনারা 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে?
(ক) রহিমা (খ) জমিলা
(গ) আমেনা বিবি (ঘ) হাসুনির মা

৯। এরূপ সাদৃশ্যের কারণ-
i. স্বামী মারা যাওয়া ii. নিজে উপার্জন করা
iii. বাপের বাড়িতে অবস্থান করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

২০। অনুপমের মামার কোন ধরনের কন্যা পছন্দ নয়?
(ক) গরিবের (খ) ধনীর (গ) সুন্দর (ঘ) অসুন্দর

১১। "দোকানের খাবার কিনিয়া খাওয়াইতে গ্রামের মধ্যে তাহার জোড়া ছিল না।"---এখানে 'জোড়া' শব্দটি কী বোঝাতে ব্যবহৃত হয়েছে?
(ক) অভাব (খ) সুনাম (গ) দুর্নাম (ঘ) বিকল্প

**নিচের উদ্দীপকটি পড়ে ১২নং প্রশ্নের উত্তর দাও:**
"আমি উন্মাদ, আমি উন্মাদ
আমি চিনেছি আমারে, আজিকে আমার খুলিয়া গিয়াছে সব বাঁধ।"

১২। উদ্দীপকটিতে 'আমার পথ' প্রবন্ধের যে দিকটি প্রকাশিত হয়েছে---
i. সত্যকে চেনা ii. আত্মবিশ্বাস অর্জন iii. আত্মদম্ভ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৩। কীসের অভাবে মানব-কল্যাণ কথাটি স্রেফ মানব-অপমানে পরিণত হয়?
(ক) আন্তরিকতার (খ) সমন্বয়ের
(গ) মর্যাদার স্বীকৃতি (ঘ) ভালোবাসা

১৪। মাসি-পিসি তাদের সংগ্রামী জীবনে নিচের কোন কাজটির সাথে সম্পৃক্ত ছিল না?
(ক) ধান ভানা (খ) কাঁথা সেলাই করা
(গ) ডালের বড়ি বেচা (ঘ) অন্যের বাসায় কাজ করা

উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও:
লিপির অনুমতি ছাড়া তার স্বামী নিশাম দ্বিতীয় বিবাহ করে। এই ঘটনায় লিপি প্রতিবাদ করলে নিশাম তাকে শারীরিকভাবে নির্যাতন করে। লিপি বাধ্য হয়ে বাপের বাড়িতে চলে এলে নিশাম তার নামে দশ লক্ষ টাকার স্বর্ণালংকার চুরির মিথ্যা মামলা দেয়।

১৫। উদ্দীপক ও 'মাসি-পিসি' গল্পের সাদৃর্শপূর্ণ দিক হলো-
i. পুরুষের আধিপত্য ii. নারীর অসহায়ত্ব
iii. নারীনির্যাতন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৬। উদ্দীপকের নিশাম 'মাসি-পিসি' গল্পের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ?
(ক) কানাই (খ) গোকুল (গ) জমিদার (ঘ) জগু

১৭। 'সকালে দুইজন পরামর্শ করে ঠিক করলাম।'- 'বায়ান্নর দিনগুলো' রচনায় কোন পরামর্শের কথা বলা হয়েছে?
(ক) মুক্তির (খ) অনশনের (গ) চিঠির (ঘ) বিদ্রোহের

১৮। "মিরপুরের বিল দিয়া দুই নৌকা বোঝাই কইরা আইছিল।" 'রেইনকোট' গল্পে উক্তিটি কার?

(ক) কলেজের শিক্ষকদের (খ) দোকানদারের
(গ) বাস চালকের (ঘ) আছমার

**নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও:**

আমাদের মহান মুক্তিযুদ্ধের সময় এদেশের জনগণ বিভিন্ন ধরনের স্লোগানে শহর-বন্দর-গ্রাম আন্দোলিত করে মুক্তিযুদ্ধকে বেগবান করেছে। কার্টুন, দেয়াল লেখা, গানের মাধ্যমে সংগ্রামের চেতনা ছড়িয়ে দেওয়া হয়েছিল সর্বত্র।

১৯। 'বায়ান্নর দিনগুলো' রচনায় স্লোগানগুলো হলো-
i. রাজবন্দিদের মুক্তি চাই ii. জয় বাংলা
iii. বাঙালিদের শোষণ করা চলবে না
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

২০। উদ্দীপকে 'বায়ান্নর দিনগুলো' রচনার কোন চেতনা প্রকাশ পেয়েছে?
(ক) বিচারহীনতার প্রতিবাদ (খ) রাষ্ট্রভাষা বাংলা চাই
(গ) রাজবন্দিদের মুক্তির আকাঙ্ক্ষা (ঘ) পরাধীনতা থেকে মুক্তি

২১। 'রেইনকোট' গল্পে নুরুল হুদার ঝুলন্ত শরীর কাঁপতে থাকে কেন?
(ক) আঘাতের ভয়ে (খ) আঘাতের যন্ত্রণায়
(গ) দেশপ্রেমের উত্তেজনায় (ঘ) পারিবারিক চিন্তায়

**উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও:**

"গভীর হতে আরো গভীরে
শূন্যতার অতল থেকে আরো অতলে-
নিশ্ছিদ্র অন্ধকার থেকে অন্ধকারাচ্ছন্ন অন্ধকারে-
কেউ নেই কোথাও নেই-।"

২২। উদ্দীপকের শেষ পঙ্ক্তির সাথে 'সোনার তরী' কবিতার কোন ভাবের মিল আছে?
(ক) কবির নিঃসঙ্গতা (খ) কৃষকের উৎকণ্ঠা
(গ) কবির সংশয় (ঘ) কৃষকের মৃত্যুচিন্তা

২৩। 'সোনার তরী' কবিতায় উক্ত ভাব প্রকাশ পেয়েছে কোন পঙ্ক্তিতে?
i. কূলে একা বসে আছি, নাহি ভরসা
ii. শূন্য নদীর তীরে রহিনু পড়ি
iii. পরপারে দেখি আঁকা তরুছায়ামসী-মাখা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৪। 'বিদ্রোহী' কবিতা শেষ হয়েছে কোন প্রত্যাশার মধ্য দিয়ে?
(ক) অত্যাচারীর বিনাশ (খ) অন্যায়ের শাস্তিবিধান
(গ) ধ্বংসের মধ্য দিয়ে (ঘ) অত্যাচারের অবসান

**উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও:**

করোনা মহামারীর সময় করোনাক্রান্ত বৃদ্ধ মা-বাবাকে ছেড়ে রবিন তার স্ত্রী-সন্তানদের নিয়ে অন্যত্র চলে যায়। প্রতিবেশীদের সহযোগিতায় তার বৃদ্ধ মা-বাবা সুস্থ হন। করোনা শেষে রবিন কাছে এলে তারা রবিনকে বুকে জড়িয়ে কেঁদে ফেলেন।

২৫। উদ্দীপকের বৃদ্ধ মা-বাবার ক্ষমাশীলতার সঙ্গে 'প্রতিদান' কবিতার কোন পঙ্ক্তির মিল আছে?
(ক) কত ঠাঁই হতে কত কী যে আনি' সাজাই নিরন্তর
(খ) দীঘল রজনী তার তরে জাগি' ঘুম যে হরেছে মোর
(গ) রঙিন ফুলের সোহাগ-জড়ান ফুলমালঞ্চ ধরি
(ঘ) যে গেছে বুকেতে আঘাত হানিয়া তার লাগি আমি কাঁদি

২৬। উপর্যুক্ত মিলের কারণ-
i. ক্ষমাশীলতা ii. নির্ভরশীলতা iii. ভালোবাসা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৭। 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবির বসন্ত বিমুখতা দিয়ে কী বোঝানো হয়েছে?
(ক) ব্যর্থতা (খ) নিঃসঙ্গতা (গ) শূন্যতা (ঘ) উদাসীনতা

**উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও:**

আফরোজা তার মামার বাসায় বেড়াতে এসে জানতে পারলো যে, ঐদিন মামাতো ভাইয়ের জন্মদিনের অনুষ্ঠান। চারদিকে আলোকসজ্জা, সবাই নতুন জামা পড়েছে, বাড়িতে অনেক অতিথি এসেছে। আফরোজা চমৎকার গান গাইতে পারে বিধায় আফরোজার মামা তাকে জন্মদিনের একটি গান গাইতে বললো। আফরোজা গান গাওয়া শুরু করে কেঁদে ফেললো কারণ তিন বছর পূর্বের এই দিনেই তার বাবা মারা যায়।

২৮। উদ্দীপকের আফরোজার মামা 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ?
(ক) কবি (খ) কবিভক্ত (গ) কবির স্বামী (ঘ) প্রকৃতি

২৯। উদ্দীপকে ও 'তাহারেই পড়ে মনে' কবিতায় যুগপৎভাবে ফুটে উঠেছে-
i. নির্লিপ্ততা ii. প্রিয়জন হারানোর বেদনা
iii. স্মৃতিকাতরতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

৩০। শামসুর রাহমানের প্রথম কবিতা যে পত্রিকায় প্রকাশিত হয়---
(ক) সাপ্তাহিক সোনার বাংলা (খ) সোনার বাংলা
(গ) দৈনিক পাকিস্তান (ঘ) দৈনিক বাংলা

prashnobd.com